

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১৩

আগরতলা, ১৪ জুন, ২০২৪

বিশালগড় ও সোনামুড়া মহকুমার ভারত-বাংলাদেশ
সীমান্তে জনসাধারণের চলাচলের উপর বিধিনিষেধ

জনজীবনে শান্তি ও নিরাপত্তা বজায় রাখার লক্ষ্যে সিপাহীজলা জেলার বিশালগড় ও সোনামুড়া মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তের ২০০ মিটার এলাকায় জনসাধারণের চলাচলের উপর বিধিনিষেধ আরোপ করা হয়েছে। ভারতীয় ফৌজদারি দণ্ডবিধি ১৯৭৩-এর ১৪৪ ধারায় সিপাহীজলা জেলার জেলাশাসক এক আদেশে এই বিধিনিষেধ আরোপ করেছেন। এই আদেশ গতকাল থেকে কার্যকর হয়েছে এবং তা ১২ সেপ্টেম্বর, ২০২৪ পর্যন্ত বলবৎ থাকবে। এই সময়ে প্রতিদিন রাত ৮টা থেকে পরের দিন সকাল ৫টা পর্যন্ত এই আদেশ কার্যকর হবে। তবে আইন শৃঙ্খলা রক্ষার কাজে নিযুক্ত সামরিক, আধাসামরিক, রাজ্য পুলিশ বাহিনী, সিপাহীজলা জেলার পুলিশ সুপার এবং সোনামুড়া ও বিশালগড় মহকুমার মহকুমা শাসকদের জারি করা বৈধ অনুমতিপ্রাপ্ত ব্যক্তি, জরুরি সরকারি কাজে সরকারি কর্মচারীগণ এবং অবিলম্বে চিকিৎসা প্রয়োজন এমন ব্যক্তিগণ এই বিধিনিষেধের আওতার বাইরে থাকবেন। এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে সিআরপিসির ১৮৮ ধারা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।
